

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
ঢাকা সেনানিবাস  
[www.dmlc.gov.bd](http://www.dmlc.gov.bd)

স্মারক নং- ২৩.২২.০০০০.০১১.৩১.৩৭৮.২৪- ২৫০

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
২২ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: পবিত্র ওমরাহ পালনের জন্য বহির্বাংলাদেশ (সৌদি আরব) গমনের অনুমতিসহ (অর্জিত) ছুটি মঞ্জুরকরণ।


সূত্র: সিইও, ঢাকা সেনানিবাসের ১০-০৩-২০২৪ তারিখের স্মারক নং-২৩.২২.৭০০১.০১১.০৩.২৮৭.২৩-৪৮৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নিদেশক্রমে জানানো যাচ্ছে যে, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ আরিফুল ইসলাম ফরাজী-কে পবিত্র ওমরাহ পালনের নিমিত্তে বহির্বাংলাদেশ (সৌদি আরব) গমনের অনুমতিসহ তাঁর অনুকূলে ১৬-০৩-২০২৪ হতে ১৪-০৪-২০২৪ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে মোট ৩০ (ত্রিশ) দিন পূর্ণগড় বেতনে বহির্বাংলাদেশ (অর্জিত) ছুটি নিম্নোক্ত শর্তে মঞ্জুর করা হলো :

শর্তাবলীঃ

- (ক) এ ভ্রমণে বাংলাদেশ সরকার/এ অধিদপ্তর/ক্যান্টনমেন্ট বোর্ডের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) ছুটিকালীন সময়ে তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন-ভাতাদি গ্রহণ করবেন;
- (গ) এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার বর্ণিত কর্মকর্তা ব্যক্তিগত আয়ের উৎস থেকে বহন করবেন;
- (ঘ) মঞ্জুরকৃত ছুটির অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করা যাবেনা এবং ছুটি বর্ধিত করণের আবেদন গ্রহণযোগ্য হবে না;
- (ঙ) ছুটি শেষে বর্ণিত কর্মকর্তা নিজ কর্মস্থলে যোগদানপূর্বক এ অধিদপ্তরকে অবহিত করবেন;
- (চ) বর্ণিত কর্মকর্তার সার্ভিস বুক উক্ত ছুটির হিসাব লিপিবদ্ধ করতে হবে;
- (ছ) এ ছুটি ভোগের ক্ষেত্রে বিএসআর পার্ট-১ এর বিধি-২৩৪ এর পরিশিষ্ট ৮ এর ক্রম ৩৪ নং বিধান প্রযোজ্য হবে এবং
- (জ) অনুমোদিত বহির্বাংলাদেশ ছুটি ব্যতিত অতিরিক্ত ছুটি ভোগ করলে বিধি মোতাবেক তাঁর বেতন কর্তন করা হবে।

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার  
ঢাকা সেনানিবাস।

  
২২.৬.২৪  
(আসমা মোজাম্মেল)  
সহকারী পরিচালক (প্রশাসন)  
ফোন : ৮৭১৫৬৯৫  
E-mail: adadmn@dmlc.gov.bd

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। ইমিগ্রেশন অফিসার  
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/  
ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট।
- ২। জনাব মোঃ আরিফুল ইসলাম ফরাজী  
প্রশাসনিক কর্মকর্তা  
সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল  
ঢাকা সেনানিবাস।
- ৩। পিএ টু ডিজি, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস।  
[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]